AGOMONI

1
9
9
8

১
৪
০
৫

আগমনী

AGOMONI

Volume # 19, 1998

Published by: BICHITRA,
The Bengali Association of Manitoba Inc.
Winnipeg, Manitoba.

Editor: Soubhik Maiti

Cover: The Illustration on the cover page and opposite page depict the facial expression of Goddess Durga.

Special thanks from the editor to:

- Pradip K. Maiti for helping with the organization of the magazine
- Sikha Maiti for her help scribing the Bengali script
- The members who contributed literary works
- The organizations who provided advertisements
- Members of BICHITRA for their support





যা দেবী সর্বভূতেষু
শক্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ
নমস্তস্যৈ নমো নমঃ॥

আগমনী

১৪০৫

বাং ১৪০৫ ওয়াশিংটনে শ্রীশ্রীদুর্গাপূজার সময় ইং 1998

(ওয়াশিংটন ষ্ট্যান্ডার্ড সময়ে)

ভারতীয় ষ্ট্যান্ডার্ড সময়ে প্রদত্ত তিথ্যন্ত কালের সহিত ১০ ঘন্টা ৩০ মিনিট বিয়োগ করিলে ওয়াশিংটনে স্থানীয় ষ্ট্যান্ডার্ড সময়ে তিথ্যন্তের সময় পাওয়া যাইবে। ভারতে যখন ষ্ট্যান্ডার্ড সময়ে বেলা ১২টা, ওয়াশিংটনে তখন পূর্বরাত্রি ১টা ৩০মিঃ (ওয়াশিংটনের ষ্ট্যান্ডার্ড সময়ে)।

২৬শে সেপ্টেম্বর, শনিবার–

সূর্যোদয় ঘ ৬।৫, সূর্য্যাস্ত ঘ ৫।৫৯, পূর্বাহ্ণ ঘ ১০।৩। ষষ্ঠী রা ঘ ২।০। পূর্বাহ্ণ মধ্যে ষষ্ঠ্যাদি কল্পারম্ভ প্রশস্ত। সায়ংকালে দেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাস।

২৭শে সেপ্টেম্বর, রবিবার–

সপ্তমী শেষ রা ঘ ৪।৬। পূর্বাহ্ণ মধ্যে দেবীর সপ্তমী বিহিত পূজা প্রশস্তা।

২৮শে সেপ্টেম্বর, সোমবার–

অষ্টমী শেষ রা ঘ ৪।৩৫। পূর্বাহ্ণ মধ্যে দেবীর মহাষ্টমী বিহিত পূজা প্রশস্তা। রা ঘ ১১।৩৮ গতে ১২।২৬ মধ্যে দেবীর অর্দ্ধরাত্র বিহিত পূজা। শেষ রা ঘ ৪।১১ গতে সন্ধিপূজারম্ভ, শেষ রা ঘ ৪।৩৫ গতে বলিদান, শেষ রা ঘ ৪।৫৯ মধ্যে সন্ধিপূজা সমাপন।

২৯শে সেপ্টেম্বর, মঙ্গলবার–

নবমী শেষ রা ঘ ৪।৪৯। পূর্বাহ্ণ মধ্যে দেবীর মহানবমী বিহিত পূজা প্রশস্তা।

৩০শে সেপ্টেম্বর, বুধবার–

দশমী শেষ রা ঘ ৪।১৬। পূর্বাহ্ণ মধ্যে দশমী বিহিত পূজা ও বিসর্জন।

বিসর্জনান্তে অপরাজিতা পূজা। ॥ বিজয়া দশমীকৃত্য ॥

আমরা তিন দিন ধরিয়া দুর্গাপূজা করি যাহাতে দুর্গাপূজার আনন্দ এবং বিশুদ্ধতা বজায় থাকে, পাঞ্জিকাতে কলিকাতার যে পূজার সময় দেওয়া আছে, সেই সময় মত পূজা করিতে গেলে আমাদের পূজাও সকাল ৯টার ভিতর শেষ করা উচিত।

কলিকাতার সময় মত পূজা হয় বেলুর মঠে—ওরা ভোর ৪-৩০ হইতে পূজা আরম্ভ করেন, এছাড়া কিছু ব্যক্তিগত পূজা হয় ঐমতে। আমাদের টইনিগেগো প্রথম হইতে কলিকাতার পূজার সময়ে পূজা হইত। ইহাতে কোন কোন বছর এমন হইয়াছে যে, সপ্তমীর পূজা অষ্টমীতে অষ্টমীর পূজা নবমীতে, এবং নবমীর পূজা দশমী তিথিতে হইয়াছে।

এই অসুবিধা দূর করিবার জন্য ইং ১৯৯৩ এবং বাং ১৪০০ সনে দুর্গাপূজার পূর্বে শ্রীচিত্ত ঘোষ মহাশয়ের বাড়ীতে দুর্গা পূজার কার্য্য নির্বাহক সমিতির সমাবেশ হইয়াছিল, তাহাতে উপস্থিত সকলে একমত হইয়া ওয়াশিংটনের দুর্গা পূজার সময় অনুযায়ী আমাদের টইনিগেগোও দুর্গাপূজা করিতে রাজী হইয়াছিলেন। ওয়াশিংটনের সময়ও কলিকাতার পঞ্জিতগন নির্দ্ধারিত করিয়াছেন। ওয়াশিংটনের সময় অনুযায়ী টরন্টো কালী বাড়ীর পূজাও চলিয়া আসিতেছে।

দুর্গাপূজো তিথির সময় অনুযায়ী হওয়া উচিত। ইহা ব্যতিত তিনদিন ধরিয়া পূজা করিবার অর্থ হয়না। তাই আমরাও ওয়াশিংটনের পূজার সময় অনুযায়ী ১৯৯৩ সন হইতে টইনিগেগোর পূজা করিয়া আসিতেছি।

Durga Puja Program 1998

Saturday, September 26, 1998
Maha Shashti
5:00pm – 8:00 pm
Bodhan
Amantran
Puja
Pushpanjali
Prasad Bitaran

Sunday, September 27, 1998
Maha Saptami
9:00am-2:00pm
Puja
Arati
Pushpanjali
Prasad Bitaran
7:00pm-9:00pm
Sandhya Arati
Pushpanjali
Cultural Program
Dinner

Monday, September 28, 1998
Maha Asthami
9:00am-2:00pm
Puja
Arati
Pushpanjali
7:00pm-9:00pm
Sanhya Arati
Pushpanjali
Cultural Programme
Dinner
Sandhi Puja *(TBA)*

Tuesday, September 29, 1998
Maha Nabami
9:00am – 2:00pm
Puja
Arati
Pushpanjali
Prasad Bitaran
Yagna
7:00pm-9:00pm
Sandhya Arati
Pushpanjali
Cultural Program
Dinner

Wednesday, September 30,1998
Vijoya Dashami
7:00am-12:00pm
Puja
Pushpanjali
Bisorjan
Prosad Bitaran
Sindur Utsav

Sunday, October 4, 1998
Kojagari Laxmi Puja
7:00pm-11:00pm
Puja
Sandhya Arati
Prasad Bitaran
Dinner

-Please confirm all times at the temple bulletin board or phone 774-9197

Puja Committee 1998

President, BICHITRA	Pradip K. Maiti
Chairperson	Sumita Biswas
Priest	Sujit Chakarborty
Decoration	Rubena Sinha Prabir Mitra
Agomoni Publication	Soubhik Maiti Sikha Maiti
Puja Arrangement	Archana Ghosh Bhramar Mukherjee Ashoka Biswas Ratna Bose Ranen N. Sinha
Cultural Program	Krishna Bal Tuntun Sarkar
Food Committee	Joya Roy Kalpana Mitra
Fund Raising	
Advertisement	Pradip K. Maiti Sumita Biswas
Collection in Temple	Ashok Sarkar Alok Sarker
Treasurer	Shantanu Banerjee
Puja Groceries & Supplies	Asim Roy
Transportation of Protima	Pratul Biswas Pranab Roy Ranjan Roy

CONTENTS

Program		3
Puja Committee		4
Editorial		6
Puja Committee Chairperson's Message		7
আমন্ত্রণ		8
Presidents Message		9
শারদীয়া পূজাতে ভুবনমোহিনী উমা	Makhan Bal	10
ভুলাগড়ে একটি রাত	Krishna Bal	17
দিনশেষের মরা মুকুল	Chandra Samanta	25
সময়ের সঙ্গে	Pallab Ganguly	29
'মা'কে লেখা পার্বতীর চিঠি	Manjushri Roy	30
একটি মুর	Bibhuti Mandal	31
হে নবীন	Bibhuti Mandal	32
বিশ্বরূপে ফুটবল	Makhan Bal	34
Kaji Nazrul	Soubhik Maiti	35
Life in Reverse	Riya Ganguli	36
The Seasons	Sourabh Maiti	38
Wise Thoughts	Urmila Samanta	40
Stories of the Sea	Riya Ganguly	42
Night Time	Riya Ganguly	42
Stranger	Samir K. Bhattaracharya	43
Existence	Samir K. Bhattaracharya	45
Change-Life and Eternity	Ranen Sinha	48
Is this really an Article?	Neil Ghosh	51



Editorial

It is my great pleasure to edit our annual magazine, AGOMONI and to celebrate its 19th year in publication by BICHITRA, the Bengali Association of Manitoba. AGOMONI is linked to our greatest festival, Durga Puja. AGOMONI is the only medium to promote our cultural understanding and to cultivate an interest in Bengali literature here in Winnipeg, Manitoba.

Bengal is a place rich in culture, tradition, art, literature and music. All these aspects are brought together in the many vibrant festivals that take place in Bengal. The greatest and most celebrated festival in Bengal is the Durga Puja, also known as the Autumn Festival.

The streets here in Winnipeg are not glittering with lights and the mood of all those around is not one of pure joy, but the spirit and happiness associated with Durga Puja is shared nonetheless at the Hindu Temple during the Durga Puja Celebration. The Durga Puja held here in Winnipeg rekindles the spirit of delight and happiness.

Soubhik Maiti
Publication Secretary,
BICHITRA

Puja Committee Chairperson's Message

Durga Puja is one of the most revered Hindu festival. It reminds over and over again, glorifying the ultimate triumph of Virtue over the evil forces. We commemorate the Goddess Durga's "shakti", who vanquished the evil spirit of the demon, Mahisasura to restore peace and freedom on earth. It is also the spiritual power of the true "self" that destroys the evils within us.

The autumn festival of Mother Durga or popularly called as Dasshera is celebrated all over India. In Bengal, it is celebrated with much splendor and joy; new clothes, varieties of sweets, exquisite dishes- you name it, it is prepared in all homes, whether rich or poor. It is the time to forget the past differences and embrace each other. It is the "spirit" within that counts, not the body, because it is the same "mother's spirit", the "Brahman" that prevails in our bodies, whether it is your or mine.

The all-powerful Mother, the Warrior-Goddess- Brahmmamai-Maa descends on the Earth, accompanied by her whole family of virtues--Laksmi, the symbol of beauty and prosperity, Swarasati, the goddess of learning, patronizing music and rhetoric, Karttikeya, the symbol of youth and valor, and Ganesa, the god of wisdom, the bestower of attainment and the remover of "Bighna".

The demon , Mahisasura usurped the throne of Indra, terrorizing the kingdom in the guise of a buffalo. Mother Durga, in response to the fervent prayers of all Gods from heaven appeared in great fury, riding on a lion and slew the buffalo-demon. The triumphant victory sent waves of jubilation through heaven and earth, marking the power of righteousness and the destruction of evils.

On this auspicious occasion of Durga Puja, I and my family extend greetings and well wishes to all the members of Bichitra and the members of Hindu Society. We are particularly grateful to the Executives and Trustees of the Hindu Society of Manitoba for their immense cooperation. Our Cultural, Food, Publication, Decoration, Puja, Transportation, Advertisement, Fund-raising committees have worked very hard to present you a rich and enjoyable evenings each day during this "navaratri" days. We are particularly indebted to our "Purohit", who came from Edmonton in the service of "mother Durga". Last but not least, I thank all members, participants and Bichitra Executives for their help for the success of these great celebrations.

Sumita Biswas (Chair)
Durga Puja Committee

আমন্ত্রণ

সুধী, আগামী ৯ ই আশ্বিন থেকে ১৩ ই আশ্বিন হিন্দু মন্দিরে (৮৫৪ এগলেস এভিনিউ) ১৪০৫ সনের শ্রী শ্রী দুর্গাপূজার আয়োজন করা হয়েছে, এই উপলক্ষে "বিচিত্রা"র পক্ষ থেকে আপনাদের সপরিবারে এবং বন্ধু-বান্ধব সহিত এই মহোৎসবে যোগদানের আমন্ত্রণ জানাচ্ছি।

প্রবাসে আমাদের পূর্বসূরীদের প্রতিষ্ঠিত রীতি পালনে যথাসাধ্য প্রচেষ্টায় আপনাদের সহযোগিতা ও উপস্থিতি একান্ত কাম্য।

প্রচলিত রীতি অনুসারে ১৭ ই আশ্বিন কোজাগরী লক্ষ্মীপূজার ব্যবস্থা করা হয়েছে, অতএব এই দিনগুলিতে আপনাদের উপস্থিতি অনুরোধ করছি।

বিনীত

সুস্মিতা বিশ্বাস

Ajanta Restaurant

Ajanta Restaurant

Specializing in East Indian Food

749 Ellice Avenue

775-4567

CATERING AND BANQUETS

Fully Licensed • Dine In • Take Out

Open 7 Days a Week

Luncheon Buffet - $5.95 Monday - Friday

OPEN

MONDAY TO SATURDAY 11:30 A.M. TO 9:30 P.M.

SUNDAY 5:30 P.M. TO 9:30 P.M.

A Message from the President of BICHITRA

Friends,

It is my great pleasure to welcome you, your family members and friends to this auspicious occasion. The Durga Puja festival will be held during September 26 – 30, 1998 at the Hindu Temple of Manitoba. I am proud that this is the 19th year BICHITRA, the Bengali Association of Manitoba is celebrating Durga Puja here in Winnipeg.

Although Durga Puja is known as the festival of Bengal, people from all over India celebrate this festival under different names: Navaratri, Dushera etc. Bengali people throughout the world celebrate Durga Puja during the autumn season because nature is rich with beauty and color to inspire the mind with joy and happiness.

In general there are two aspects of this national festival, one being religious and other social. The religious feelings are very deeply rooted in our minds as we have been brought up in a Hindu religious environment, with the belief that this is the time to adore Devi Durga for her inspiration in granting us courage and strength. The social aspects of the festival remind us to share our happiness with each other, forgetting our misgivings and enhancing our relations with our loved ones.

I hope you will take part in our celebration and make this festival a great success.

Pradip K. Maiti
President,
BICHITRA, The Bengali Association of Manitoba

— শারদীয়া পূজাতে ভুবনমোহিনী উমা —

— মাখন বল

বাংলা দেশে প্রথম দুর্গাপূজা করেন রাজা কংসনারায়ন, বর্ত্তমান বাংলা দেশের রাজসাহী জেলার তাহের পুরের রাজা ছিলেন তিনি। গৌড় বঙ্গের তখন সুলতান ছিলেন আলাউদ্দিন হুসেন শাহ (১৪৯৩-১৫১৯)। তাঁরই শাসন কালে বঙ্গদেশের সমাজ ও সংস্কৃতির ক্ষেত্রে নবযুগের সুচনা হয়, রাজা কংসনারায়ন ছিলেন মনুসংহিতার প্রসিদ্ধ টীকাকার কুল্লুকভট্টের পুত্র, তাঁর এ পূজাতে খরচ হইয়াছিল তখনকার দিনের আট লক্ষ টাকা।

এই পরিবর্তনশীল জগতে সবকিছুরই পরিবর্তন হইতেছে। আমাদের এই দুর্গাপূজাতেও অনেক পরিবর্তন হইয়াছে। দুর্গার অনেক নাম- তাহাদের মধ্যে আমরা বেশী পরিচিত — দুর্গা, পার্বতী, গৌরী ও উমা নামের সঙ্গে; মার্কণ্ডেয় পুরানে বর্নিত বাসন্তী পূজা হয় বসন্ত কালে। আমরা শ্রীচণ্ডীতে বর্নিত সুরথ রাজা ও সমাধি বৈশ্য এবং শ্রীরামচন্দ্রের শরৎকালে অকাল বোধনের সহিত যুক্ত করিয়া শারদীয়া পূজার ব্যাখ্যা করি। শরৎকালে পূজা করিবার আরও একটি যুক্তি সম্মত কারন আছে। শ্রীচণ্ডীতে আমরা দেখিতে পাই:

তেতোহহমখিলং লোকমাত্ম দেহ সমুদ্ভবৈঃ।
ভরিষ্যামি সুরাঃ শাকৈরা বৃষ্টেঃ প্রান ধার কৈঃ।
শাকম্ভরিতি বিখ্যাতিং তদা যাস্যামহং ভুবি॥

অর্থাৎ দেবী বলিতেছেন যে যতদিন পার্য্যনু বৃষ্টি না হয় ততদিন আমার আত্মদেহ সমুদ্ভুত শাক সমুহের দ্বারা জগৎ পরিপালন করিব, এইজন্য আমি শাকম্ভরী বলিয়া জগতে বিখ্যাতি লাভ করিব, শাক-শব্দে এখানে সকল প্রকার শস্যকেই বুঝাইতেছে শস্যদ্বারা জগৎ পালন করিবেন যে দেবী — তিনিই ত বসুন্ধরা, এই শাকম্ভরী দেবীই হইলেন অন্নদা — অন্নপূর্না। পৃথিবী দেবী ও তাহার পূজা হইতেই শস্যদেবী ও শস্য পূজার প্রচলন হইয়াছে। আমাদের এই শারদীয়া দুর্গা পূজা ও শস্যপূজা নানা ভাবে মিশিয়া রহিয়াছে।

আবার দেখিতে পাই তৈত্তিরীয় ব্রাহ্মনে এবং কাঠক সংহিতায় রুদ্রের পত্নী অম্বিকাকেই শরৎ বলা হইয়াছে। এ শরৎরূপিনী অম্বিকার পূজাই শারদীয়া পূজা, একটু লক্ষ্য করিলে দেখা যাইবে যে, এই শরৎকাল হইতে বাংলা দেশের শস্যঋতুর আরম্ভ এবং শস্যঋতুর শেষ, প্রকৃত পক্ষে বসন্ত ঋতুর শেষে, এই শারদীয়া পূজা হইতে আরম্ভ করিয়া বাংলা দেশের সকল প্রকার দেবী পূজার সময়, যেমন, লক্ষ্মী পূজা, কালীপূজা, জগদ্ধাত্রী পূজা, সরস্বতী পূজা, বাসন্তী পূজা এবং অন্নপূর্না পূজার পরে বাৎসরিক দেবী পূজার শেষ।

এই সময় পৃথিবী মাতার চিন্ময়ী রূপটি সার্থক ভাবেই ফুটিয়া ওঠে মৃন্ময়ী মূর্ত্তিতে; তাই কবিগুরু গাহিয়া উঠিলেন

"আজি বাংলা দেশের হৃদয় হতে কখন আপনি—
তুমি এই অপরূপ রূপে বাহির হলে জননী
ওগো মা, তোমায় দেখে দেখে আঁখি না ফিরে—
তোমার দুয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে"—

শরৎঋতুর সোনার মন্দিরে অধিষ্ঠাতা ও পূজিতা দুর্গা দেবীই যে মূর্তিমতী পৃথিবী মাতা তাহার কিছুটা পরিচয় দেখি আমাদের পূজাপদ্ধতিতে। দেবীর বোধন বিল্বতরুমূলে অর্থাৎ বিল্বশাখাতে দেবীর অধিষ্ঠান, তারপর দুর্গা পূজাতে কলাবৌ বা নবপত্রিকা পূজার নিয়ম আছে, এই কলাবৌ আসলে শস্যবধু বা পৃথিবী মাতার প্রতীক। কলাবৌ বা নবপত্রিকা তৈয়ার করিতে প্রয়োজন হয় নয়টি গাছ বা গাছের ডাল, যে গুলি হইল — কলাগাছ ডালিমের ডাল; ধান গাছ, হলুদ গাছ, মান কচু গাছ, কাল কচুর গাছ, যুগ্ম ফল সহ বেলের ডাল, অশোকের ডাল ও জয়ন্তীর ডাল।

" কদলী দাড়িম্বী ধান্যং হরিদ্রা মানকং কচু:
বিল্বা শোকৌ জয়ন্তী চ বিজ্ঞেয়া নব পত্রিকা।।

এদের সমবেত নাম নবপত্রিকা বাসিনী দুর্গা, আগে আমাদের দেশে ধান ও দুর্ব্বা দিয়া আশির্বাদ করিবার নিয়ম ছিল — এখনো হয়ত আছে। তার মূল কারন আমাদের কৃষি নির্ভর অর্থনৈতিক ও সামাজিক পরিবেশে ধান্য হইল সমৃদ্ধির প্রতীক আর দুর্ব্বা হইল নম্রতা ও বিনয়ের প্রতীক। তাই ধান ও দুর্ব্বা দিয়া আশীর্বাদ করিবার অর্থ দাড়াইল যে তুমি ঐশ্বর্য্যবান হও, সঙ্গে সঙ্গে তুমি নম্র হও তুমি বিনয়ী হও।

শরতের সোনার আলোতে যখন বাংলার দশদিক আলোকিত হইয়া ওঠে, কমলে, শেফালীতে, বর্নে গন্ধে হৃদয় ও মন অনন্ত সুন্দরের আভাস পায়; সোনার শস্যে পূর্ন বাংলার ডালে ফুলে মাতৃত্বের গৌরব প্রকাশিত হইয়া ওঠে — সেই সময়ই বাংলার মেয়েরা মা বাবার ঘরে ফিরিয়া আসে গনেশজননী উমা রূপ লইয়া।

প্রকৃতির চারিদিকে উমার আভাস, উমার জন্য সব কিছুই যেন অধীর আগ্রহে অপেক্ষা করিতেছে। এই পরিবেশে উমার অমূর্ত তত্ত্বমাত্র রূপে কৈলাসে শিব অঙ্কে লীন হইয়া থাকিলে চলিবে কেন? উমাকে সৌন্দর্য্যের, মাধুর্য্যের বাস্তব প্রতিমূর্তি করিয়া না পাইলে চলিবে কেন? তাই মেনকা গিরিরাজকে বলিতেছেন:

"গিরি গৌরী আমার এল কৈ
ঐযে সবাই এসে, দাড়িয়েছে হেসে,
(শুধু) সুধামুখী আমার প্রানের উমা নেই!
সুনীল আকাশে ঐ শশী দেখি,
কৈ গিরি, কৈ আমার শশী মুখী?

শেফালিকা এল উমার বর্ণ মাখি,
বল বল আমার কোথা বর্ণময়ী ?
ঐ এল হেসে শান্ত শতদল,
শতদল বাসিনী কোথায় আমার বল ?
(ওরা) তেমনি চেয়ে আছে
কেবল তারা নেই।
শরতের বায়ু যখন লাগে গায়,
উমার স্পর্শ পাই, প্রাণ রাখা দায়,
যাও যাও গিরি আনগে উমায়
উমা ছেড়ে আমি কেমন করে রই।
(গোবিন্দ চৌধুরী শা. পদা, ক. বি.)

এই আলোচনাতে দেখা গেল যে, পৃথিবী মাতা ও শস্য দেবীর পূজাই আমাদের শারদীয়া পূজা। এই শারদীয়া পূজাতে আমরা দশভূজা দুর্গা মূর্তির পূজা করি, কিন্তু আমাদের বাঙ্গালী মানসে উমা-দুর্গার প্রভাবই বেশী, জনগন প্রতিমাতে দেবীকে অসুরনাশিনী রূপে দেখেন — কিন্তু ঐ পর্য্যন্তই, তাঁহারা স্থির নিশ্চিত রূপে জানেন যে, আসলে উমা মায়ের স্বামী গৃহ কৈলাস ছাড়িয়া বৎসরান্তে কন্যা রূপে পুত্র কন্যাদের লইয়া একবার বাপের বাড়ীতে আসেন। জন মানসের এই সত্যকে অবলম্বন করিয়াইত আমাদের আগমনী সঙ্গীতের উদ্ভব,

এই সঙ্গীতে আমরা দেখি গিরিরাজ কন্যা উমাকে লইয়া গিরিপুরে ফিরিয়া আসিলেন, তখন গিরিরানী মেনকা কন্যাকে বুকে লইতে — এলোকেশে ছুটিয়া আসিলেন, কিন্তু দাশরথি রায় তাঁহার পাঁচালীতে — বলিলেন, যে মেনকা দশভূজা রনরঙ্গিনী দেবীকে কন্যা বলিয়া গ্রহন করিতে চাহিলেন না, মেনকা স্পষ্টই বলিলেন:—

কে হে গিরি কোলে আমার উমা নন্দিনী —!
সঙ্গে তব অঙ্গনে কে এল রনরঙ্গিনী — ?

ঐ রনরঙ্গিনী-কে মা মেনকা এবং তাহার মারফত বাঙ্গালী কবিমন তাঁহাকে উমা বলিয়া চিনিতে পারিলেন না। — মা স্পষ্ট করিয়া বলিলেন:—

দ্বিভুজা বালিকা আমার উমা ইন্দুবদনী
কণ্ঠে লয়ে গজানন, গমন গজগামিনী,
মা বলে মা ডাকে মুখে আধ-আধ বানী —,

তখন আর কোন উপায় নাই। বাঙ্গালী কবির সন্তোষের জন্য — দশভূজা রনরঙ্গিনী মাকে মেনকার সামনেই রূপ বদলাইতে হইল।

মায়ের প্রতি মহামায়া ত্যজিলেন মায়া
ধরেন অপূর্ব রূপ পূর্বের তনয়া॥

দ্বিভুজা গিরিজা গৌরী গনেশজননী।
নগেন্দ্র নন্দিনী যেন গজেন্দ্রগামিনী ॥

এই উমা পার্বতী লইয়া অষ্টাদশ শতক পর্য্যন্ত বহু সাধক, বহু কবি ও সাহিত্যিক শাক্ত সাহিত্যের কলেবর বৃদ্ধি করিয়াছেন। এই বিশাল শাক্ত সাহিত্যে দেখি মায়ের প্রতি সন্তানের আর্তি। শাক্ত কবি রামপ্রসাদের সঙ্গীতের প্রভাবে বাংলাদেশের ছোট বড় বহু সাধক কবির মনের দুয়ার খুলিয়া গেল। ঐ সঙ্গীতগুলিই বৈষ্ণব পদাবলীর খ্যাতি লইয়া শাক্ত পদাবলী রূপে পরিচিত।

পার্বতী-উমার প্রভাব তখনকার বাঙ্গালী সমাজকে কতটা প্রভাবিত করিয়াছিল তাহাই শাক্ত সাহিত্যে রূপায়ীত হইয়াছে। তখনকার ঐ কবিগন ছিলেন মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত সমাজের লোক। তাঁহাদের ঐ গান গুলির মধ্য দিয়া তখনকার ঐ সমাজের রূপই ফুটিয়া উঠিয়াছে। পৌরানিক শিব-পার্বতীর বিবাহ এবং অসঙ্গতি-পূর্ন গার্হস্থ্য জীবনের বর্ননা বিভিন্ন কবিদের প্রবাদ উপাখ্যানের মাধ্যমে শাখা প্রশাখা বিস্তার লাভ করিয়াছে।

আমাদের বাঙ্গালী মানসের মেনকা ও গিরিরাজ কিন্তু রাজারানী নয় — তাহারা দরিদ্র স্বামীস্ত্রী — আবার হিমালয় ও কৈলাস দুটি পাশাপাশি গ্রাম। রাষ্ট্রিয় বিশৃঙ্খলা এবং তার সঙ্গী আর্থিক বিপর্য্যয়ের মধ্যে তখনকার বাঙ্গালী সমাজের চরম দুরবস্থা। এই দুরবস্থা আরও তীব্র হইয়াছিল সামাজীক রীতিনীতির নিপিড়নে। একদিকে কৌলীন্য-প্রথা এবং বহু-বিবাহ প্রথা, অন্যদিকে অষ্টমবর্ষীয়া কন্যাকে গৌরীদান দিবার প্রথা। দরিদ্র পিতামাতার সাধ্য ছিলনা কুলীন বর যোগার করা। তাঁহারা ঘটকের সরন লইতেন। ঘটক অঘটন ঘটাইয়া দিত। সে বর কপর্দ্দকহীন হউক, ভাঙধুতুরা খোর হউক, অতিশয় বৃদ্ধ হউক লক্ষ্য করিতেন না। বিবাহের পরে অষ্টমবর্ষীয়া সোনার পুতুলী — গৌরী স্বামীর ঘর করিতে যাইত। কিন্তু হায় — যাইয়া দেখিত — সংসার না যেন শ্মশান পুরী, দারিদ্রে, কলহে কোন্দলে, খাঁ-খাঁ করিতেছে। একে কঠোর দারিদ্র — তাহার উপর উদাসীন স্বামী, খ্যাপাটে, নেশাখোর — ঘরে একাধিক সতিন। দুদিনে উমার সোনার অঙ্গ কালী হইয়া যায়। বছর ঘুরিয়া আসে — লোকমুখে সংবাদ পৌছায় — পাড়াপ্রতিবেশীর মধ্যে জাগে কানাকানি। পিতা সব কিছুই শুনিতে এবং জানিতে পারেন। কিন্তু কি করিবেন — নিরুপায় হইয়া, পাষান হইয়া অচল ভাবে বসিয়া থাকেন। কিন্তু মায়ের মন'ত কিছুতেই মানেনা, তিনি দুশ্চিন্তায় পাগল হইয়া ওঠেন, তাই একদিন প্রভাতে গিরিরাজকে রাতের দুঃস্বপ্নের কথা বলিতেছেন:

নিশিতে যেমন ভেবে উমাধন,
অনেক আয়াসে মুদেছি নয়ন

অমনি নয়নে করি দরশন—
শিয়রে বসিয়া যেন মা আমার
বাছার নাই সে বরন, নাই আভরন,
হেমাঙ্গী হইয়াছে কালীর বরন;
হেরে তার আকার, চিনে উঠা ভার;
সে উমা আমার, উমা নাই হে আর।

(হরিশ চন্দ্র মিত্র, শা. পদা)

মেয়ের সব আভরন ও ভিখারী মাতাল ভোলা বেচিয়া খাইয়াছে— গ্রামের বৈরাগী তখন গাহিয়া উঠিল:-

যাও যাও গিরি, আনিতে গৌরী, উমা বুঝি আমার কেঁদেছে।
উমার যতেক বসন-ভূষন, ভোলা সব বুঝি বেচে খেয়েছে॥

উমা সঙ্গীতের কবিগন দেবী মানবীর এই সমন্বয় সহজভাবে করিতে পারিয়াছিলেন, স্বপ্নকথা বলিতে গিয়া মাতা মেনকা স্বামীকে যাহা বলিয়াছেন তাহাতে দেখি একদিকে কন্যার সোনার অঙ্গ দারিদ্র ক্লেশে কালী হইয়া গিয়াছে। আবার মর্তের যে বেদনা একটি প্রচ্ছন্ন মহিমা লাভ করিয়াছে হৈমবতী উমারই আবার দিগম্বরী কালীমূর্ত্তি ধারন তত্ত্বের আভাসে, ইহারই একটি চরম রূপ দেখি:—

কুস্বপ্ন দেখেছি গিরি, উমা আমার শ্মশান বাসী;
অসিত বরনা উমা, মুখে অট্ট অট্ট হাসি
এলোকেশী বিবসনা, উমা আমার শবাসনা,
ঘোরাননা ত্রিনয়না, ভালে শোভে বাল-শশী—

(গিরিশ চন্দ্র ঘোষ, শা. পদা. ক. বি.)

স্ত্রীর গঞ্জনায় আর যখন কিছুতেই অচল হইয়া বসিয়া থাকিবার উপায় নাই, তখন মেয়ে আনিতে যাইবার ভান করিয়া বাহির হইয়া যাইতেন। ফিরিয়া আসিয়া যতরাজ্যের মিথ্যা, ওজরে আপত্তি ছলাকলার দ্বারা গোঁয়ো স্ত্রীকে ভুলাইয়া রাখিবার চেষ্টা করিতেন।

বলি মা গিরিরাজে, দেখে এস গো উমায়;
নারী পেয়ে ছলে, সে আমায় বলে
দেখে এলাম অন্নদায়—

(ঈশ্বর গুপ্ত শা. পদা)

বাঙ্গালী মেয়ের মায়ের মুখে যেমন আমরা শুনিতে পাই, জামাই দূর দেশে যাইয়া এখন টাকার নাজির হইয়াছে— কত ধন ঐশ্বর্য্য হইয়াছে, মেনকার মুখে ঠিক তেমনটাই শুনিতে পাই:

মঙ্গলার মুখে কি মঙ্গল শুনিতে পাই
উমা অন্নপূর্না হোয়েছেন কাশীতে—

রাজরাজেশ্বর হোয়েছেন জামাই।
শিবে এসে বলে— মা, শিবের সেদিন আর নাই।
যারে পাগল পাগল বলে বিবাহের কালে,
সকলে দিলে ধিক্কার;
এখন সেই পাগলের সব, অতুল বৈভব,
কুবের ভাণ্ডারী তার। (রাম বসু, শা, পদা ক, বি.)

অমূর্ত তত্ত্বকে মানুষ জ্ঞানের আলো দিয়া বোঝে। সেই তত্ত্বকে মূর্তির ভিতর দিয়া, রূপে রসে নিবিড় করিয়া পাইতে চায়। শিব ও শক্তি উভয়ই উভয়ের পরিপূরক, উভয়ই এক পরম অদ্বয়। শিবকে বাদ দিলে শক্তি মিথ্যা তাই শক্তি ব্যতিত শিবও তেমনি শব।

গার্হস্থ্য জীবনে এই সত্যটিকে বাংলার সাধকগন লৌকিক রূপরসের সুকুমার মাধুর্য্যের ভিতর দিয়া আস্বাদ করিতে চেষ্টা করিয়াছেন। আমাদের নিত্যদিনের ঘর সংসারের মধ্যেই যে একটি উমা শঙ্কর মধুর লীলা করিয়া যাইতেছেন, বাঙ্গালী কবিরা তাহারই একটু প্রকাশ করিয়াছেন তাঁহাদের গানে:

অর্থহীন পশুপতি, তাঁর সবর্দ্ধ পার্বতী
দুর্গাবিনে দুর্গতি শুনেছি নিশ্চয়।

এই বিশ্বের ঘরসংসার যে কি করিয়া করিতে হয়, কি ভাবে চলিতেছে, পাগলা ভোলা মহেশ্বর তাহার ত কিছুই খোঁজ খবর রাখেন না, মহামায়া মা ছাড়া সে খবর আর কে রাখিবে? তাহারই অসংখ্য অভিনয় ভরিয়া রহিয়াছে আমাদের ছোটখাটো ঘরসংসারে। পুরুষ উদাসীন ভোলানাথ— ঘর সংসার সব সামলাইতে হয় মা'দের, অর্থহীনের সংসারকেও সার্থক করিয়া তোলেন মা তাঁহার অনন্ত ক্রিয়া-শক্তিতে।

শারদীয়া উৎসবকে কেন্দ্র করিয়া আগমনী গান, শিবশক্তি তত্ত্বটিকে লইয়া সংসারের সকল স্নেহ মায়া প্রীতির বন্ধনকে আস্বাদ করিবার একটি নিজস্ব মাধুর্য্য আছে। ভুবনমোহিনীকে প্রান কুমারী করিতে চাহিনা— প্রানকুমারীকেই ভুবনমোহিনী করিয়া তুলিতে চাই। কবিরা দেবীকে মানবী করিয়া তুলিতে চাহেন নাই। মানবীকেই সত্যিকারের দেবী করিয়া তুলিতে চাহিয়াছেন। বৎসরান্তে কন্যা যখন মা বাপের ঘরে ফিরিয়া আসে তখন শুধু মায়েরই আনন্দ হয় না— পাড়া প্রতিবেশীর মধ্যেও আনন্দের সাড়া পড়িয়া যায়; পাড়ার জ্ঞানী, গুনী, বৃদ্ধ ব্যক্তিরা ঘরে আসিয়া উমা মায়ের কত গুনকীর্তন করেন, কত আশীর্বাদ করেন, ইহাই ত চণ্ডীপাঠ। নির্জীব গৃহখানি সহসা প্রান পাইয়া উঠে।

তাই দেখি:—

কেবল উমার আগমনে সকলে আনন্দ মনে,
গিরিপুর বাসিগনে গিরিপুর আজ পুরে গেল।
যতনেতে দ্বিজগন, চণ্ডী পড়ে অনুক্ষন,
ভক্তি ভাবে ঘট স্থাপন, চণ্ডী পড়া সফল হলো ॥
(শ্রীধর কথক, শা. পদা. ক. বি.)

দেখিতে দেখিতে তিন দিন কাটিয়া গেল আনন্দ উৎসবে। ইহার পরেই বিজয়ার পালা. মায়ের প্রান আবার আকুল হইয়া উঠে। শিহরিয়া ওঠে বিজয়াদশমীর বিদায়ের কথা স্মরন করিয়া।

আমার ঐ ভয় মনে, বিজয়া দশমী দিনে
অকুলে ভাসাইয়া যাবে শিবে শিব ভবনে।
(দুর্গা প্রসন্ন চৌধুরী শা. পদা. ক. বি)

তাই মায়ের ব্যাকুল প্রার্থনা, নবমীর রাত্রিটি যেন আর না পোহায়:

যেও না যেও না নবমী রজনি
সন্তাপহারিনী লয়ে তারা দলে
গেলে তুমি দয়াময়ী, উমা আমার যাবে চলে।
তুমি হলে অবসান, যাবে মেনকার প্রান,
প্রভাত-শিশিরে আমায় ভাসাবে নয়ন জলে।
প্রভাত কাকলী গান, কাঁদাবে মায়ের প্রান,
উষার আলোকে প্রান, উঠিবেরে জ্বলে ॥ —(নবীন চন্দ্র সেন. শা. পদা)

কিন্তু মায়ের শত কাতরতা সত্ত্বেও নবমী নিশি অবসান হয়। এদিকে মাকে ছাড়িয়া যাইবার দুঃখে উমাও সারারাত কাঁদিয়া শেষরাতে একটু ঘুমাইয়া পড়িয়াছে। অপরদিকে গিরিপুরে হরের বিশাল ডমরু ঘন ঘন বাজে। তাই মা বলিতেছেন:— জাগায়ো না হরজায়ায়, তোমায় বিনয় করি।
যাবে বলে সারা নিশি কাঁদিয়া পোহাল গৌরী ॥
(হরিনাম মজুমদার শা. পদা. কবি.)

কিন্তু সারা নিশি গৌরীই কাঁদুক আর তাহার মাতাই কাঁদুন তাহাতে কিছুই লাভ নাই। ওদিকে যে:— বিছায়ে বাঘের ছাল, দ্বারে বসে মহাকাল
বেরোও গনেশ মাত ডাকে বারে বার
(রামপ্রসাদ শা. পদা. ক. বি.)

"শেষপর্য্যন্ত আঁধার করে ঘরের আলো"— উমাকে বিদায় লইতে হয়। যাইবার সময় মা মেনকা বলেন:—

এস মা, এস মা উমা, বলো না আর যাই যাই
মায়ের কাছে হৈমবতি, ও কথা মা' বোলতে নাই ॥
(জ্ঞানেন্দ্র নাথ রায় শা. পদা. ক. বি.)

জুনাগড়ে একটি রাত

— কৃষ্ণা বল

দয়া করিয়া ভুল বানান নিজ গুণে শুদ্ধ করিয়া পড়িবেন।

১৯৯৮ সনের ৩রা জানুয়ারী পুনরায় আমরা ভারত-পরিভ্রমনে বাহির হইলাম। এবার উদ্দেশ্য কেবল মাত্র তীর্থদর্শনই নহে, ভারতের বিখ্যাত স্থানগুলি পরিদর্শন করা ও বিভিন্ন আত্মিয় পরিজনদের সহিত দেখা সাক্ষাৎ করা।

আমাদের পরিকল্পনা ছিল কলিকাতা হইতে বিহার, উত্তর প্রদেশ, দিল্লী রাজস্থান, পশ্চিমে গুজরাট, মহারাষ্ট্র, বম্বে, বাঙ্গালোর, মাদ্রাজ, পুরী হইয়া কলিকাতা এবং কলিকাতা হইতে সোজা ক্যানাডা প্রত্যাবর্তন।

রাজস্থানের আজমীর হইতে আমরা একটি গাড়ী ভাড়া করিয়াছিলাম। উহার চালক একটি অল্পবয়স্ক যুবক। নাম যোগেশ। তাহাকে যেরূপ পথ নির্দেশ দেওয়া হইত সে তাহাই পালন করিত। আমাদের নির্দেশ ছিল, গন্তব্য স্থানে দুই দিন থাকিব তাহারপর পরবর্তি গন্তব্য স্থানে যাত্রা করিব, উপরোক্ত কাহিনী ঘটিয়াছিল সোমনাথ হইতে আমেদাবাদ যাইবার পথে 'জুনাগড়' নামে একটি নগরে।

সোমনাথে আমাদের দুইদিন থাকিবার কথা ছিল, কিন্তু সোমনাথের মন্দির ও অন্যান্য স্থানগুলি দর্শন করিবার পর ভালো যাত্রী নিবাসের সন্ধান পাইলাম না, উপরন্তু সমস্ত সহরে উৎকট মৎস্যগন্ধে অন্নপ্রাশনের ভাত উঠিয়া আসিবার উপক্রম হইলে আমরা ঐ দিনই আমেদাবাদের পথে যাত্রা করিলাম।

- - - -

তখন বেলা তৃতীয় প্রহর। ঘন অরন্যের মধ্য দিয়া আঁকিয়া বাঁকিয়া সুন্দর মসৃন পথ চলিয়া গিয়াছে, পথের দুই পার্শে কোথাও দিগন্তপ্রসারী তুলার ক্ষেত কোথাও পলাশ ও শিমুলের রক্তে রাঙা বনানী, ধীরে ধীরে সূর্য্যাস্তের স্বর্নচ্ছায়া মিলাইয়া যাইতে শীতের কুয়াশা আকাশের সীমান্ত পর্য্যন্ত প্রসারিত করিয়া দিল। অন্ধকার ঘনীভূত হইয়া আসিয়াছে, কোথাও লোকালয়ের চিহ্ন মাত্র নাই। অনাবৃত, অবারিত, অনন্ত আকাশের নিচে জনহীন প্রান্তরে নিস্তব্দ্ধতা যখন নিবিড় হইয়া আসিল, কেবল সীমাহীন দিশাহীন শুন্যতা ছাড়া আর কিছুই রহিলনা, তখন মনে হইল আমাদের ঘর নাই দ্বার নাই, কোথাও ফিরিবার নাই, এইরূপ কুয়াশাচ্ছন্ন শুন্যতার উপর দিয়া অবারিত ভাবে চলিয়া যাইব। ক্রমে ক্রমে নিদ্রাদেবীর আগমন অনুভব করিলাম, সহসা পথের বাঁক লইতে দেখিলাম,

অন্ধকার অরণ্যের মাঝে এক শ্বেতপ্রস্তর নির্মিত প্রাসাদ একাকী প্রেতপুরীর ন্যায় দাঁড়াইয়া আছে। প্রাসাদের ভিতর হইতে কোন আলো দেখা যাইতেছেনা। নিকটে কোথাও লোকালয় নাই। দেখিবা মাত্র পতিদেবতা গাড়ীর গতিরোধ করিতে নির্দেশ দিলেন।

বিরাট লৌহদ্বারের নিকটে গিয়া দেখিলাম, লিখিত আছে GOVT. CIRCUIT HOUSE. জনসাধারনের জন্য নহে, পতিদেবতা বলিলেন "চেষ্টা করিয়া দেখি, নতুবা এই নির্জন অন্ধকার রাস্তা দিয়া অধিকদুর যাওয়া নিরাপদ মনে করিনা।" কিন্তু ঐ প্রাসাদটি দেখিবা মাত্র আমার মন এক অজানা আশঙ্কা আচ্ছন্ন হইয়া উঠিল। আমি কহিলাম এই অন্ধকার জনহীন অরন্যে আমি থাকিতে পারিব, কিন্তু ঐ অন্ধকার প্রেতপুরীতে আমি প্রবেশ করিতে পারিবনা, উনি 'ভয়ের কিছু নাই' বলিয়া আমাকে আশ্বাস দিয়া যোগেশকে ভিতরে যাইতে বলিলেন।

যোগেশ বিরাট লৌহদ্বার অতিক্রম করিতেই প্রাসাদের দুইদিকে দুইটি সর্বোচ্চ স্তম্ভে আলো জ্বলিয়া উঠিল। চওড়া লাল সুরকি ঢালা রাস্তা দুইদিকে কেয়ারী করা ফুলের বাগান, গাড়ী বারান্দায় গাড়ী আসিতেই দেখিলাম পাঁচছয় জন আর্দালী সরকারী পোষাক পরিয়া আমাদের দিকে অগ্রসর হইতেছে। দেখিয়া মনে হইল উহারা যেন এতক্ষন আমাদের জন্যই অপেক্ষা করিতেছিল। উহারা গাড়ীর দরজা খুলিয়া দিলে পতিদেবতা ম্যানেজার বাবুর সহিত কথা বলিবার জন্য অন্দরে প্রবেশ করিলেন। আমি মনে মনে ভগবানের কাছে প্রার্থনা করিতে লাগিলাম যেন এইস্থানে আমাদের না থাকিতে হয়। কিয়োৎক্ষন পর পতিদেবতা অতি আনন্দের সহিত জানাইলেন, তিনি ভিতরে সমস্ত দেখিয়া আসিয়াছেন, ইহা অতিশয় সুন্দর, ব্যবস্থা অতি চমৎকার, ম্যানেজার বাবুটিও অতি চমৎকার এবং অমায়িক। কিন্তু উহাতে আমি কোন উৎসাহ বোধ করিলাম না।

আমরা অন্দরে প্রবেশ করিলাম, ঢুকিতেই কেন জানিনা আমার বক্ষে একপ্রকার কম্পন অনুভব করিলাম, দেখিলাম সম্মুখের ঘরটি বিশাল, এক কোনায় ম্যানেজার বাবুর টেবিল।

তিন সারি বড় বড় থামের উপর কারুকার্য্য খচিত খিলানে বিস্তীর্ন ছাদ ধরিয়া রাখিয়াছে। দুই পাশে লাল কার্পেটে আবৃত ঘুরান সিঁড়ি উপরে উঠিয়া গিয়াছে। উপরে উঠিয়া চওড়া বারান্দা দিয়া আমাদের জন্য নির্দিষ্ট ঘরের দিকে যাইতে লাগিলাম, বারান্দার একপাশে বড় বড় পিতলের টবে নাম না জানা গাছের মেলা, কিন্তু যত্নের অভাবে পাতা ঝরিয়া শুধুমাত্র শুষ্ক ডাল গুলি দাঁড়াইয়া আছে, এবং পালিশের অভাবে পিতলের টব গুলিও বিবর্ন রূপ ধারন করিয়াছে।

বারান্দার একের পর এক সারি সারি ঘর চলিয়া গিয়াছে, তবে বেশীর-ভাগ ঘরের দরজাই তালা বন্ধ। তবে তালা গুলি দেখিলে মনে হয় না যে তালা লাগাইবার পর কোনও দিন খোলা হইয়াছে। নির্দিষ্ট দরজায় আসিতেই আর্দালী তালা খুলিয়া আমাদের ভিতরে যাইতে অনুরোধ করিল। ভিতরে ঢুকিতেই মনে হইল কাহারা যেন এইঘরে নিশ্চিন্তে বাস করিতেছিল, আমাদের আগমনে তাহারা যেন বিরক্ত হইয়া ঘরময় ছুটাছুটি করিতে আরম্ভ করিল ঘরের পর্দাগুলির মধ্যে প্রচণ্ড আলোড়ন সৃষ্টি হইল। লক্ষ্য করিলাম ঘরের চার কোনায় চারিটি বৈদ্যুতিক পাখা পূর্ণগতিতে চলিতেছে, তাই এই আলোড়ন। ঘরটি বিরাট, ঘন নীল, জীর্ণ কার্পেটে আবৃত, ~~মনে হইল~~ হয়তো ঐ কার্পেটটি অনেক অলিখিত ঘটনার সাক্ষী। ঘরের একপাশে দুইটি আধুনিক ডিজাইনের সোফা। বিপরীত দিকে দুইটি ~~পুরাতন কারুকার্য্য~~ খচিত পালঙ্ক। চার দেয়ালে চারিটি বৃহৎ তৈলচিত্র; হয়ত কোন মোগল বাদশাহের প্রতিচ্ছবি, ঘরের মধ্যেখানে একটি পুরাতন ঝারবাতি, কালের প্রভাবে উহার উজ্জ্বলতা একেবারেই চলিয়া গিয়াছে। চার দেয়ালের চারটি নিয়ন বাতির স্বল্পালোকে ঘরখানিকে রহস্যময় লাগিতেছে। এই ঘরের পাশেই রহিয়াছে সাজঘর। বৃহৎ ভেলভেটের পর্দা দ্বারা সাজঘরটিকে শয়নঘর হইতে পৃথক করা হইয়াছে। এই ঘরটিও বৃহৎ। এক পার্শ্বে রহিয়াছে প্রসাধনের জন্য একটি বৃহৎ আয়না যুক্ত টেবিল, তাহার পাশে রহিয়াছে বিরাট কাপড় জামা রাখার আলমারী। এইটি দেখিবা মাত্র আমি আতঙ্কে শব্দ করিয়া উঠিলাম এবং পতিদেবতাকে খুলিতে নিষেধ করিলাম, কিন্তু তিনি শুনিলেন না উহা খুলিতে গেলেন, কিন্তু অনেক চেষ্টা করিয়াও খুলিতে পারিলেন না, আর্দালীটি বলিল উহা অতি পুরাতন, ইহা ব্যবহার করা হয়না তাহার পাশে একটি নতুন দেরাজ রহিয়াছে উহাতে আমরা জামাকাপড় রাখিলাম, পুরাতন আলমারীবিদিতাকার হইতেই আমার এক প্রকার আশঙ্কায় হৃদয় আচ্ছন্ন হইয়া উঠিল মনে হইল ঐ আলমারীটি খুলিলেই কোন একটি নরকঙ্কাল বাহির হইয়া পড়িবে, খোলা সম্ভব হইলনা দেখিয়া আশ্বস্ত হইলাম। সাজঘরের পাশেই স্নানঘর, ইহাও অতিশয় সুসজ্জিত একটি গরম ও একটি ঠাণ্ডা জলের ফোয়ারা রহিয়াছে। ইহাছাড়া এখানেও একটি প্রসাধন করিবার জন্য আয়না যুক্ত শ্বেতপাথরের টেবিল রহিয়াছে, সবই অতি সুন্দর কিন্তু কেন জানিনা আমার মন অজানা আশঙ্কায়, এবং দুঃখে ভরপুর হইয়া রহিল, এদিকে আমার পতিদেবতা মুঘল প্রাসাদে মুঘল সম্রাটের ন্যায় 'মোঘলাই খানাপিনার' আদেশ দিলেন, স্নান যাওয়ার পর আমরা আমাদের ঘরের সম্মুখে খোলা বারান্দায় বেতের চেয়ারে আসিয়া বসিলাম, দেখিলাম চারিপাশে

গভীর অরণ্য। এই প্রাসাদটি যেন বাহিরের জগৎ হইতে সম্পূর্ণ পৃথক। মনে হইল দুই আড়াই শত বৎসর পূর্বে হয়ত কোন মুঘল সম্রাট নগরের বাইরে এই নির্জন স্থানে ভোগ বিলাসের জন্য এই প্রাসাদটি নির্মান করিয়াছিলেন। কালের চক্রে এই প্রাসাদ আজ পরিত্যক্ত।

শুক্লপক্ষের নির্মল চন্দ্রালোক দেখিতে দেখিতে ফুটিয়া উঠিল। শীতের কুয়াশা কখনো চন্দ্রালোকে আলোকিত হইয়া কখনো গভীর অরণ্যের ছায়াবৃত অন্ধকার হইয়া সমস্ত বনভূমিকে রহস্যময় করিয়া তুলিল। প্রাসাদের বিজনতা ও অতৃপ্ত আত্মার দীর্ঘনিঃশ্বাস আমার বক্ষে একটা ভয়ঙ্কর ভাবের সৃষ্টি করিয়া রহিল। বলিলাম চলো শুইতে যাই।

শুইয়া পড়িলাম। পথশ্রমে ক্লান্ত উনি মুহূর্তের মধ্যে ঘুমাইয়া পড়িলেন। আমার চোখে ঘুম আসিল না। পাশের ঘর আর আমাদের ঘরের দেয়ালের অনেক উঁচুতে একটি ছোট কাচের জানলার মত রহিয়াছে— পাশের ঘরে কোন লোক ছিল না। তাই ঐ জানলা দিয়া কোন আলো দেখা যাইতেছিল না। ঐ দিকে একদৃষ্টে তাকাইয়া ঘুমাইবার চেষ্টা করিলাম কিন্তু ঘুম আসিল না। চারিটি পাখা পূর্ণ গতিতে ঘুরিতেছে, ঘরের মাঝখানে পর্দাগুলি এধার ওধার এমন ভাবে দুলিতেছে মনে হইতেছে এইমাত্র কেহ পর্দা সরাইয়া এই ঘরে প্রবেশ করিবে। উঠিয়া দুইটি পাখা বন্ধ করিয়া আবার শুইয়া পড়িলাম। চারিদিক নিস্তব্ধ। আমি পল পল করিয়া প্রহর গুনিতে লাগিলাম। কিছুক্ষন পরে মনে হইল পাশের ঘরে কাহারা যেন ফিসফিস করিয়া সলাপরামর্শ করিতেছে। উঠিয়া বসিলাম। ঘরের বাতিগুলিতে যথেষ্ট আলো না থাকায় সব কিছু রহস্যময় ও স্বপ্নময় মনে হইতেছিল। আস্তে আস্তে উঠিয়া পাশের ঘরে উঁকি দিলাম। সেই ঘরে মাত্র একটি নিয়ন বাতি জ্বলিতেছিল। সেই স্বল্পালোকে দেখিলাম ঘরময় কতগুলি কাগজপত্র উড়িতেছে এবং আমার বিপরীত দিকে একটি জানালার কপাট খুলিয়া বাতাস ঘরের মধ্যে প্রবেশ করিতেছে। ফিস্‌ফিস্ শব্দের কারন বুঝিলাম, ঘরে ঢুকিয়া কাগজ কয়েকটি তুলিয়া টেবিলে রাখিতে যাইব, মুহূর্তে আমার হৃদস্পন্দন স্তব্ধ হইয়া গেল, শরীরের সমস্ত রক্ত শীতল হইয়া মূর্ছিতপ্রায় হইয়া পড়িলাম, চীৎকার করিতে যাইব গলা দিয়া কোন শব্দ বাহির হইল না, আবো অন্ধকার ঘরের জানলা দিয়া একফালি চন্দ্রালোকে দেখিলাম ঐ বৃহৎ আলমারীর দুইটি কপাট হাঁ করিয়া খোলা। কোন রকমে টলিতে টলিতে নিজের শয্যায় আসিয়া মূর্ছিত হইয়া পড়িলাম। কতক্ষন এইভাবে ছিলাম বলিতে পারিনা।

সহসা একটি তীব্র শিহরন অনুভব করিয়া জাগিয়া উঠিলাম, বহুদূর হইতে যেন একটি গানের সুর ভাসিয়া আসিতে লাগিল, শিরায় শিরায় তার উপলব্ধি। সেই সুরের আবেশ নিকট হইতে নিকটতর হইয়া আমার দরজার কাছে আসিয়া থামিয়া গেল, মনে হইল এইবার দরজা খুলিয়া প্রবেশ করিবে। আমার সমস্ত শরীর অবশ পতিদেবতাকে ডাকিবার শক্তি নাই।

কিছুক্ষন স্তব্ধ। সহসা আমাদের পাশের ঘরের তালা খুলিবার শব্দ শুনিতে পাইলাম, সেই মুহূর্তে পাশের ঘরের আলো খুলিয়া উঠিল, আমি উপরের ঐ ছোট্ট জানলা দিয়া আলো দেখিতে পাইলাম, মদিরার পাত্রের ঠুনঠান শব্দ নারী ও পুরুষ কণ্ঠের হালকা কথা বার্তা শুনিতে পাইলাম, বুঝিলাম কোন উচ্চপদস্থ সরকারী কর্ম্মচারী ভোগবিলাসের আকাঙ্খায় এই স্থানে আসিয়াছেন। যাদু দিয়া সুর ছড়িল, কিছুক্ষন পরে তানপুরা, তবলা ও সারেঙ্গীর সুর বাঁধিবার সমন্বয় প্রচেষ্টা শুনিতে পাইলাম, পরক্ষনেই এক সুমধুর নারী কণ্ঠে ভাসিয়া আসিল এক সুমধুর গীত। মুহূর্তে উঠিয়া বসিলাম, ঐ সম্মোহিত সুরের আকর্ষনে দরজা খুলিয়া বাহিরে আসিয়া দাঁড়াইলাম, সুরের ধারায় বিশ্বপ্রকৃতিতে যেন প্লাবন আসিয়া গেল, সেইক্ষনে মনে হইল মরা গাছের ডালগুলি যেন পল্লবিত হইয়া উঠিয়াছে, রহস্যময় অরন্যের এক নুতন রূপ খুলিয়া গেল, প্রাসাদের যে বিজনতা ও অফুরন্ত আন্ধার দীর্ঘনিঃশ্বাস হৃদয়ে ভার হইয়া বসিয়া ছিল, এই মুহূর্তে সুরের হাওয়ায় তাহা দূর হইয়া গেল, হৃদয় ভরিয়া উঠিল আনন্দ, প্রেম, ও ভালবাসায়, কবিগুরুর ভাষায়

"গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবন খানি
তখন তারে চিনি আমি তখন তারে জানি
তখন তারি আলোর ভাষায় আকাশ ভরে ভালোবাসায়
তখন তারি দুলায় দুলায় জাগে পরম বানী"

কতক্ষন এইভাবে দাঁড়াইয়া গান শুনিতেছিলাম জানিনা, যখন সম্বিত ফিরিয়া আসিল পাশের ঘরের দরজার দিকে অগ্রসর হইলাম, ঘননীল পর্দা বাতাসে উড়িতেছিল, দেখিলাম এক পরমা সুন্দরী যুবতী রমনী তানপুরা বাজাইয়া গান গাহিতেছে তাহার দুইপার্শ্বে দুইজন তবলা ও সারেঙ্গী বাজাইতেছে, অদূরে এক রাজপুত যুবক একটি শুভ্রগদির উপর তাকিয়ায় হেলান দিয়া বসিয়া তন্ময় হইয়া গান শুনিতেছে, তাহার হাতে একটি মদিরার পাত্র, পাশেই একটি ফুলদানীতে একগুচ্ছ রক্তগোলাপ, আমাকে দেখিতে পাইয়া হঠাৎ তাহারা গান বন্ধ করিয়া দিল, আমি অত্যন্ত লজ্জিত হইয়া ক্ষমা প্রার্থনা করিলাম, বলিলাম তোমাদের সুমধুর গীত শুনিয়া আমি না আসিয়া পারিলাম না, তাহারা আমাকে ভিতরে আসিয়া বসিতে বলিল, আমি যুবকটির পাশে আসিয়া বসিলাম, আমি তাহাদের নাম ধাম এবং সকল বৃত্তান্ত জানিতে চাহিলাম, তাহারা হিন্দি ভাষায় যাহা বলিল তাহার মর্ম্ম এই - রাজপুত যুবকটি মুঘল রমনীর গান শুনিয়া তাহাকে ভালোবাসিয়াছে কিন্তু ধর্ম্ম তাহাদের মিলনের অন্তরায়, তাই প্রতিরাতে এইস্থানে তাহারা একত্রিত হয়, রমনীটি প্রান ভরিয়া গান গাহে, যুবকটি প্রান ভরিয়া গান শোনে।

ইহাতেই তাহারা তৃপ্ত। ইহার বেশী আর কিছু তাহাদের কাম্য নাই, ইহার পর

যুবকটি

পুনরায় গান আরম্ভ করিতে নির্দেশ দিল। রাত শেষ হইয়া আসিয়াছে রমনীটি এই বার ভৈরবী আরম্ভ করিল। যুবকটি তন্ময় হইয়া ওর মুখের দিকে তাকাইয়া গান শুনিতে লাগিল। মনে মনে ভাবিলাম এই সুরের প্রেমে যুবকটি কতদূর হইতে কত বাধাবিঘ্ন অতিক্রম করিয়া এই স্থানে উপস্থিত হয়, এই প্রেমেই বোধহয় নদী কলো কলো ঢুলোঢুলো ধ্বনি তুলিয়া ছুটিয়া যায় সাগরের পানে, এই প্রেমেই ত ভ্রমরা ফুলে ফুলে গান করিয়া বেড়ায়, এই সুরের প্রেমেই ত পাগল হইয়া উঠিয়াছিলেন বৃন্দাবনে শ্রীরাধিকা, আর এই প্রেমকেই কবিগুরু আধ্যাত্মিক প্রেম বলিয়া স্থান দিয়াছেন তাহার গানে, ছন্দে। কতক্ষন এইরূপ তন্ময় হইয়াছিলাম তাহা বলিতে পারিনা।

ধীরে ধীরে পূবের আকাশ অরুন আলোয় রাঙা হইয়া উঠিয়াছে। রমনীটি গান থামাইয়া বলিল "আমাদের যাবার সময় হইয়াছে", তারপর দুইজনে দুইটি রক্তগোলাপ আমার হাতে দিয়া বলিল "দিদি আবার আসিবেন? আমি বলিলাম আসিব, বাহিরে তাকাইয়া দেখিলাম তখনও গভীর অন্ধকার রহিয়াছে। ঘরের ভিতরে মুখ ফিরাইতে তাহাদের আর দেখিতে পাইলাম না, মুহূর্তে তাহারা যেন মিলাইয়া গেল, তৎক্ষনাৎ আমার রক্ত হিম হইয়া আসিল, আমার হৃদপিণ্ডের টিপটিপ শব্দ নিজে শুনিতে পাইলাম, স্থির হইয়া দেখিলাম আমি একটি আবর্জনা পূর্ন কক্ষে একাকী বসিয়া আছি। চতুষ্পার্শে অব্যবহৃত মালপত্র পড়িয়া রহিয়াছে, ধুলার গন্ধে নিশ্বাস নেওয়া দুষ্কর হইয়া উঠিল। গোলাপ দুইটি সোয়েটারের পকেটে রাখিয়া বাহির হইয়া আসিলাম, আমাদের ঘরের দরজায় আসিয়া দেখিলাম দ্বার বন্ধ। আমি জোরে জোরে করাঘাত করিতে লাগিলাম কিন্তু দ্বার খুলিল না। দেখিলাম বিরাট বড় একটি তালা ঝুলিতেছে। একি! আমাদের ঘর কোথায়? তার পাশের দ্বারে করাঘাত করিতে লাগিলাম, সেটিও তালা বন্ধ, এই রূপ একের পর এক কতগুলি দ্বারে করাঘাত করিয়াছিলাম আজ আর তাহা স্মরনে আসেনা। তারপর দৌড়াইয়া ঐ প্রাসাদ হইতে বাহির হইয়া ছুটিতে লাগিলাম, মনে হইল কে যেন আমার পিছনে পিছনে ছুটিয়া আমাকে যাইতে নিষেধ করিতেছে। কিন্তু আমি তাহা ভ্রুক্ষেপ না করিয়া ক্রমাগত ছুটিতে লাগিলাম, একবার পিছন ঘুরিয়া দেখিলাম, একি! কোথায় সেই শ্বেতপ্রস্তর নির্মিত প্রাসাদ? চারিদিক ঘুরিয়া দেখিলাম তার চিহ্নমাত্র নাই, বুঝিলাম বিশাল অরন্যের মাঝখানে আমি একাকী দাঁড়াইয়া আছি। আবার ছুটিতে আরম্ভ করিলাম, আমাকে অরন্য হইতে বাহির হইতে হইবে। চতুর্দিকে ছুটিতে লাগিলাম।

কিন্তু কোনদিক দিয়া আমি অরন্য হইতে বাহির হইতে পারিলাম না। সহসা একটি পাথরে হোঁচট খাইয়া 'মা মাগো' বলিয়া পড়িয়া মূর্চ্ছিত হইয়া গেলাম।

কতক্ষন পর অনুভব করিলাম কেহ আমাকে জাগাইবার জন্য হাত ধরিয়া ঝাঁকাইতেছে। চক্ষু মেলিয়া দেখিলাম পতিদেবতা আমার দিকে তাকাইয়া হাসিতেছেন। বলিলেন, আমি নাকি ঘুমের মধ্যে বাচ্ছা মেয়ের মত 'মা মাগো।' বলিয়া ডাকিতেছিলাম, কিছু বলিলাম না। উঠিয়া বসিলাম, বুকে আবার সেই প্রাসাদের নীরবতা ও অদ্ভুত আমার দীর্ঘনিঃশ্বাস অনুভব করিলাম, শরীর অত্যন্ত দুর্বল বলিয়া বোধ হইল। স্নানঘর সাজঘরের ভিতর দিয়া যাইতে হয়। সাজঘরে গিয়া দেখিলাম আলমারীটি পূর্ববৎ বন্ধ রহিয়াছে। আমি খুলিবার জন্য টানাটানি করিতে লাগিলাম, কিন্তু খুলিতে পারিলাম না। স্নান এবং প্রাতঃরাশ করিয়া পরবর্ত্তি গন্তব্য স্থানে যাত্রা করিবার জন্য প্রস্তুত হইলাম, গতকাল যেইরূপ এইস্থান হইতে চলিয়া যাইবার জন্য উদগ্রীব ছিলাম আজ তাহা অনুভব করিলাম না, পতিদেবতাকে বলিলাম আরএক রাত থাকিয়া যাই, কিন্তু উনি সম্মত হইলেন না।

আর্দালী যখন মাল লইতে উপরে আসিল তখন আমি তাহাকে

প্রশ্ন করিলাম পাশের ঘরে যাহারা আসিয়াছিল তাহারা কি চলিয়া গিয়াছে? আর্দালী আমার প্রশ্ন শুনিয়া অবাক হইয়া বলিল পাশের ঘরে কাহারাও আসেনাই। এই প্রাসাদের যতগুলি তালাবন্ধ ঘর আছে কোনওটা আজপর্য্যন্ত খোলা সম্ভব হয় নাই। কারন উহার চাবি কোথায় এবং কাহার কাছে আছে তাহা কেহ জানে না, আমি বলিলাম গতরাতে আমাদের পাশের ঘরে আলো দেখিয়াছি। উহারা প্রথমে আমার কথা বিশ্বাস করিল না, কিন্তু ম্যানেজার বাবু বলিলেন আরও দুই চারিজন এই কথা বলিয়াছে। আমরা তখন ঐ ঘরটি দেখিবার জন্য ম্যানেজার বাবুকে তালা ভাঙ্গিতে অনুরোধ করিলাম, উনি প্রথমে রাজী হন নাই, কিন্তু আমাদের বারংবার অনুরোধে উনি সম্মত হইলেন। দুইজন আর্দালী একটি বড় লোহার হাতুড়ি লইয়া তালা ভাঙ্গিতে আরম্ভ করিল। ঘন্টাখানেক চেষ্টা করার পর তালা ভাঙ্গিল। দ্বার খুলিবা মাত্র কতগুলি আরশুলা ঘরময় দাপাদাপি করিতে আরম্ভ করিল। বহুকাল বন্ধ থাকার জন্য ঘরময় একটি ভ্যাপসা গন্ধ।

ঘরের এক পাশে একটি বহুপুরান ভাঙ্গা তানপুরা উহার তারগুলি ছিঁড়িয়া চারিদিক ছড়ান রহিয়াছে তানপুরার লাউটি ভাঙ্গিয়া দুই টুকরা হইয়া পড়িয়া আছে। তবলার এবং সারেঙ্গীর অবস্থা তথৈবচ। সর্বোপরি এক ইঞ্চি ধূলার আস্তরন। গদির পাশে একটি বিবর্ন পিতলের রেকাবিতে কতগুলি : : গোলাপের কাঁটা এবং কিছু পাপড়ির মত কিছু চারিদিকে ছড়ান রহিয়াছে, দেখিবা মাত্র আমি

দৌড়াইয়া আসিয়া আমার সেক্রেটারের পকেটে হাত দিয়া ফুলগুলি বাহির করিতেই দেখিলাম গতবারের তাহা ফুলের পরিবর্তে কতগুলা শুষ্ক বিবর্ন ফুলের পাপড়ি, পতিদেবতা দেখিতে আসিলেন আমার হাতে কি রহিয়াছে। সহসা একটি প্রবল ঘুর্ণী বাতাস আমার হাতের সেই কয়েকটি শুষ্ক বিবর্ন গোলাপের পাঁপড়ি ঘুরাইতে ঘুরাইতে সীমাহীন অনন্ত আকাশে উড়াইয়া লইয়া গেল। আর সেই সুরের আবেশ, আমার সমস্ত শরীরে একটি শিহরন জাগাইয়া দূর হইতে বহুদূরে, জীবনমরনের সীমানা ছাড়াইয়া মিলাইয়া গেল।

দিনটি ছিল FRIDAY THE 13th

East India Company

PUB & EATERY

With Best Compliments &

Good Wishes to

Bichitra

From the Staff and Management

• 349 York Ave. • 947-3097 • 947-5019



Participation of BICHITRA in Folklorama 1998



Rabindra - Nazrnl Jayanti 1998

Rabindra - Nazrnl Jayanti 1998

Durga Puja 1997

Durga Puja 1997



দিনশেষের রাঙা মুকুল

চন্দ্রা সেনগুপ্ত

হোলির মেলা লেগেছে দিগন্তে, ওই যে নীল মহা-সাগরের রূপালী ঢেউ এর মাঝে আবীর ছড়ানো আকাশখানি যেন লুকোচুরি খেলছে, —— কুঙ্কুমের দিনান্তে পশ্চিমে সূর্য অস্তে চলেছে।

Scenic পথে Amtrak এ চেপে Pacific এর কোল ঘেঁষে "Anaheim" যাচ্ছি, এই সন্ধ্যার প্রাক্কালে যেখানে এমন সূর্যাস্তের অপরূপ প্রকাশ প্রকৃতিকে মোহময় করে তুলেছে। 'সূর্যোদয়' - 'সূর্যাস্ত' যদিও দৈনন্দিন, পরিচিত ঘটনা, তবুও, — সমুদ্রে পাড়ে, হিমগিরি শিখরের অন্তরালে, — দিগন্ত বিস্তৃত উপত্যকার সবুজ কোলে, কিংবা গভীর সবুজ পাইন বনের আড়ালে, — বিভিন্ন পটভূমিতে যখন দেখি তার বৈচিত্র্যময় রূপের প্রকাশ, কোন স্বর্গীয় মহিমায় উদ্ভাসিত, অমনই 'রবি-রচনে' নম্র মনে ভাবি, "বিশ্বরূপের খেলাঘরে কতই গেলেম খেলে, অপরূপকে দেখে গেলেম দুটি নয়ন মেলে...."।

বিশ্বজুড়ে যখন দিব্য দৃশ্যের প্রকাশ ঘটছে, সে সময়ে আমি কিন্তু ট্রেনের মধ্যে বসে রাগ-বিরক্তি-হতাশা মিশ্রিত মানসিক অশান্তিতে ভুগছি! এতক্ষণ আমরা 'ডিনার' শেষে উঁচুতে observation/lounge car এ বসেছিলাম, কিন্তু সেখানে খুব ভিড়, গরম, শোরগোলে মাথা এত ধরেছে যে নিজের জায়গায় ফিরে এসেছি, (অবশ্য মেয়ে ও তার বাবা দুজনেই ওখানে বসে আছে) কিন্তু কি পোড়াকপাল আমার, — আমি যে বসেছি পূবমুখো আসনে, আর আমার উল্টোদিকে, পশ্চিমের জানালাটি সম্পূর্ণ বন্ধ। যাত্রী দুইজন — দুই সিটের উপর, — বৃদ্ধ দম্পতি ডবল সিটে শুয়ে আরামে নিদ্রায় আচ্ছন্ন। অবশ্য দেখেছি সারাদিন জানালাটা প্রায়ই বন্ধ, যাত্রিণী বৃদ্ধা, মনে হয় খুবই অসুস্থ — terminally ill, রেলের কম্বলের কম্বল চাপিয়ে সারাক্ষণই ঘুমাচ্ছেন। এই কামরায় দুটি বড় "Ukranian" "cousin" family ও চলেছে San Diego তে family reunion এ, সেজন্যই বোধহয় পশ্চিমমুখো জানালায় জুড়ে গোটা আটেক ছেলেমেয়ে (বয়স ৬ – ১৩) "সিনেমা" দেখছে, ('সূর্যাস্ত' টি জানলেই নয়, ওটা বোকামির জন্য) ট্রেনলাইনের পাশে চলা highway তে নানান গাড়ীর speed race, sea-bay তে yatch race/water ski দেখে চেঁচামেচি করছে তাদের আবোল তাবোল বুলি চিৎকারে মাথা খারাপ হবার জোগাড়। অগত্যা আমি এমন পূর্ব দিকের পাহাড় টিলা খেতখামার দেখছি আর ভাবছি, বুড়োবুড়ি কখন জাগবে? জানালা কি একটু খুলবে, সময় যে বয়ে যায়....।

শব্দ শুনে দেখি — বাঃ, ওরা দুইজনেই জেগে উঠেছেন, ভাবছি,

জানালাটা খুলে দিতে অনুরোধ করবো শুনতে পাবে কি? (ওরা দুজনেই hearing aid পরা) হঠাৎ দেখি বৃদ্ধা কি একটা বলছেন বৃদ্ধ ওর গালে ছোট্ট একটা 'হামি' দিল আর প্রত্যুত্তরে বৃদ্ধা একটু হেসে সোহাগভরে বৃদ্ধের গালে 'হামি' এঁকে দিল, —— জানালাটা আর খুলবোই না ওরা, অশীতিপর দুই শিশুসাথীদের "ডিস্টার্ব" দেবো, কখনো না হয়তো, ভাবছি, — এমন যে মনের অতলে মোড়ক দিয়ে মোম ঢালিয়ে লুকিয়ে রেখেছে আমি তা জানতে পারি নি, —— এ আমি কি দেখছি?

কোন অস্তমিত সূর্যের — জীবনসূর্যের অনির্বচনীয় প্রণয় দেখছি আমি? হাঁটতে চলেছেন navy blue ব্রিটিশ স্যুট টাই পরা দীর্ঘদেহী সুপুরুষ স্বামীর সঙ্গে powder-blue ড্রেস আর মুক্তার মালা গলায় পরা যে অপরূপা নববধূ বৃদ্ধা নাতি-নাতনিদের দেখাতে বেরিয়েছেন, তিনি আর ক'দিন আছেন? এ পৃথিবীতে তার সময় যে শেষ হয়ে এসেছে। আজ এই বৃদ্ধ অতি সযত্নে হাতখানি ধরে আছেন, পারবেন কি তাকে আগলে রাখতে? এই সূর্যাস্তের শেষে সুদীর্ঘ বেদনার হাতখানি ধরে তাকে সে সূর্যাস্তেরই প্রতীক্ষা করতে হবে! .... ঘোর কাটলো মেয়ের আওয়াজে, — "oh-h ma তুমি cry করছো? so-o sorry mom, you should see the sunset – তুমি দেখেছো?" আমি হেসে বললাম "হ্যাঁ রে, আমিও sun set দেখেছি"।

* * * *

দেশে ফিরে ভোরবেলায় প্রতিদিন একটি দৃশ্য দেখে প্রবাসিনী বড়ই খুশী হয়। নিত্যপূজার শেষে, একটি বিশিষ্ট পুরনো চেয়ার টেনে (যেটা এখন টুল হিসাবে ব্যবহৃত হয়) দেওয়ালে রাখা উঁচুতে টাঙানো পূর্বপুরুষ/গুরু/প্রিয়জনদের ফটোতে, নিজের হাতে তৈরী মালা পরিয়ে যখন সর্বশেষে নিত্য অভ্যাসে অকালমৃত মায়ের ফটোতে মালা পরান, তখন সত্তরোর্ধ্ব বাবাকে দেখে প্রবাসিনীর প্রাণটা হু হু করে ওঠে। কেননা সে নিজেই মালা পরাতে চায় মনে মনে মায়ের ফটোতে, — কিন্তু ঐ নড়বড়ে চেয়ারে ওঠাটাই যেমন বাধা তেমনি লজ্জাবোধ "বাধা", সে কি পারবে? আড়াল থেকে অবাক বিস্ময়ে তাই বাবার শিল্পকর্মটি দেখে মুগ্ধ হয়। (সুষম সৌন্দর্য্যে অঙ্গনে আলপনা রচনায় মা যে শিল্পী বলে পাড়ায় খ্যাত ছিলেন), অভিনব এই মালা গুলি — মধ্যবিত্ত অবসরপ্রাপ্তের সংসার, নিত্যপূজার শেষে যা ফুল থাকে তা দিয়েই মালা গুলি তৈরী হয়, তবুও প্রতিমালায় থাকে তিনটি মাত্র বড় ফুল, গাঁদা বা চন্দ্রমল্লিকা বা জবা, দৈবাৎ মাঝে ২/৩টি মুচকুন্দ ফুল থাকে, এর জের শেষ নেই; যেদিন কিছু ফুল বাড়তি থাকে, বিবেকানন্দ-রবীন্দ্রনাথও মালা পরেন। তবুও একদিন স্কুল থেকে প্রবাসিনী বলেছিল, "বাবা আজ

